

# পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY

১৮২-ক/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/১৫২১

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

অতীব জরুরী

বিষয়ঃ বাউবির বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এর বিষয়ভিত্তিক পরীক্ষক প্যানেলভুক্ত হওয়ার জন্য Online-এ আবেদনকরণ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ অতি শীঘ্রই শুরু হবে। উক্ত পরীক্ষার বিষয়ভিত্তিক পরীক্ষক প্যানেল প্রস্তুতির কাজ চলছে। তাই আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন স্টাডি সেন্টারের বিএ এবং বিএসএস প্রোগ্রামের সকল টিউটরদের বিষয়ভিত্তিক পরীক্ষক প্যানেলভুক্ত হওয়ার জন্য Online-এ exam.bou.ac.bd ওয়েব সাইটে পরীক্ষকের আবেদন লিংকে গিয়ে আগামী ১৭/০৬/২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

উল্লেখ্য, শিক্ষকগণকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষক হিসেবে আবেদন করতে হবে অর্থাৎ বাউবির বিএ এবং বিএসএস প্রোগ্রামের নির্ধারিত বিষয় ব্যতিত অন্য কোন বিষয়ের শিক্ষক ঐ বিষয়ের পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন না। উদাহরণস্বরূপ-সমাজতত্ত্ব বিষয়ের ক্ষেত্রে সমাজতত্ত্ব/সমাজবিজ্ঞান, ইতিহাস বিষয়ের ক্ষেত্রে শুধুমাত্র ইতিহাস এবং সিভিক এডুকেশন বিষয়ের ক্ষেত্রে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের শিক্ষকগণ পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন। কোনক্রমেই সমাজকর্ম, সমাজকল্যাণ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের শিক্ষকগণ বিএ এবং বিএসএস প্রোগ্রামের পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন না।

যে সকল টিউটর ইতোমধ্যে পরীক্ষক হিসেবে Online-এ আবেদন করে EMIS ID গ্রহণ করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে যে কোর্সের পরীক্ষক হতে ইচ্ছুক সেই কোর্স যুক্ত না থাকলে উক্ত ওয়েব সাইটে লগইন করে পরীক্ষকের আবেদন লিংকে গিয়ে সেই কোর্স যোগ করে Submit করতে হবে।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন স্টাডি সেন্টারসমূহের বিষয়ভিত্তিক সংশ্লিষ্ট সকল টিউটরকে অবহিতকরণ এবং নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ  
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বিতরণ :

১. ড. মোছাঃ সাবিহা সুলতানা, সভাপতি, বিএ এবং বিএসএস ১ম ও ২য় সেমিস্টার পরীক্ষা কমিটি-২০২৪ সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি।
২. জনাব খান মোঃ মনোয়ারুল ইসলাম, সভাপতি, বিএ এবং বিএসএস ৩য় ও ৪র্থ সেমিস্টার পরীক্ষা কমিটি-২০২৪ ও সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি।
৩. ড. সালমা আইনী, সভাপতি, বিএ এবং বিএসএস ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টার পরীক্ষা কমিটি-২০২৪ ও অধ্যাপক, এসএসএইচএল, বাউবি।

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. আইসিটি হেড, আইসিটি ইউনিট, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৭. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৯. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত শিক্ষা, গণশিক্ষা ও জীবনব্যাপী শিক্ষা